

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)

স্মারক নং-৪৬.০৪৬.০২৫.০০.০০.১৪৩.২০১৬-৬০৪

তারিখ : ৪ মে, ২০১৬

বিষয় : রীট পিটিশন নং-৩৫২৭/২০১৬, বাদী জনাব লাল মামুদ, পিতা মৃত-জোতেশ আলী, মাতা-সামেলা, গ্রাম-সাতপাকিয়া, থানা-শেরপুর সদর, জেলা-শেরপুর সদর বনাম সরকার ও অন্যান্য মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখার স্মারক নং-৪৬.০২০.০০৪.০০.০১.২৬৭.২০১৬-৯৯৩৬; তারিখ: ১০ মার্চ, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জামালপুর সদর ও শেরপুর সদর উপজেলা পরিষদের সীমানা পুনঃনির্ধারণের জন্য শেরপুর সদর উপজেলাধীন চর পক্ষিমারী ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময়সূচীকে চ্যালেঞ্জ করে দায়েরকৃত বিষয়ে উল্লিখিত মোকদ্দমায় মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোর্তাবেক বাদীর রিপ্রেজেন্টেশন অনুযায়ী জামালপুর সদর ও শেরপুর সদর উপজেলা পরিষদের সীমানা নির্ধারণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণকরতঃ রীট পিটিশন নং-৩৫২৭/২০১৬ এর সরকার পক্ষে ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরতঃ এ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.A. in  
08/05/2016  
(ড. জুলিয়া মর্সন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৬২২৪৭

১। জেলা প্রশাসক, শেরপুর।

২। জেলা নির্বাচন অফিসার, শেরপুর।

অনুলিপি:

১। উপসচিব, আইন-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।